

(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০.৪১০.১৮.০৪৯.১৩-২৭০

তারিখঃ ২২-০৮-২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

যেহেতু, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন কুড়িগ্রাম জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জনাব মোঃ আব্দুল মোস্তালিম মোল্লাহ-এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রংপুর-এর দায়েরকৃত রংপুর কোতয়ালী থানার মামলা নং-৯৩, তারিখ ২৪-০৬-২০১৩ এ গত ০২-০১-২০১৭ খ্রিঃ তারিখে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রংপুর কর্তৃক গ্রেফতার করে কারাগারে প্রেরণ করায় এ মন্ত্রণালয়ের ০২-০২-২০১৭ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪১০.১৮.০৪৯.১৩-৫১ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক তাকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

২। যেহেতু, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৮-২০১৭ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫২১.২৭.০৮০.১৬-৭১১ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়কে অবহিত করা হয় যে, জনাব মোঃ আব্দুল মোস্তালিম মোল্লাহ-এর বিরুদ্ধে কোতয়ালী (রংপুর) থানার ২৪-০৬-২০১৩ খ্রিঃ তারিখের ৯৩ নম্বর মামলাটি তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় এফআরটি নম্বর ২৮, তারিখঃ ২৭-০৪-২০১৭ খ্রিঃ বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে এবং সংশ্লিষ্ট বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে মর্মে দুর্নীতি দমন কমিশন জানিয়েছে; এবং

৩। যেহেতু, রংপুর জেলার কোতয়ালী থানার ২৪-০৬-২০১৩ খ্রিঃ তারিখের ৯৩ নম্বর মামলার অপরাধ থেকে জনাব মোঃ আব্দুল মোস্তালিম মোল্লাহ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম-কে অব্যাহতি দেওয়া হয়েছে;

৪। সেহেতু, বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ অনুযায়ী তার বিরুদ্ধে এ মন্ত্রণালয়ের ০২-০২-২০১৭ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪১০.১৮.০৪৯.১৩-৫১ সংখ্যক প্রজ্ঞাপন মূলে প্রদত্ত সাময়িক বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকালীন সময় (on duty) হিসেবে গণ্য হবে এবং গৃহীত খোরপোষ ভাতা প্রাপ্য বেতন-ভাতাদির সাথে সমন্বয় করা হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ শাহ্ কামাল)


সচিব

স্মারক নং-৫১.০০.০০০.৪১০.১৮.০৪৯.১৩-২৭০/১(১১)

তারিখঃ ২২-০৮-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (আদেশটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম/ রংপুর।
- ৮। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ১১। জনাব মোঃ আব্দুল মোস্তালিম মোল্লাহ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম।


(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।

Withdraw of Suspension